19

দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

# দুর্নীতির অভিযোগে মাদ্রাসার প্রিন্সিপ্যালকে সাময়িক বরখাস্ত

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** দুর্নীতির অভিযোগে জামায়াত-শিবিরের ঘাঁটি খ্যাত দারুল উলুম মাদ্রাসার প্রিন্সিপ্যালকে পরিচালনা কমিটির বিশেষ সভায় সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত নিয়েছে। রবিবার বিশেষ কমিটির সভা এডিসির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। প্রিন্সিপাল সালামত উল্লার (সালাউদ্দীন ইমামী) বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, অর্থ আত্মসাত, গ্রুপিং সৃষ্টি ও স্বেচ্ছাচারিতার অভিযোগ রয়েছে।

উল্লেখ্য, একই কারণে তিনি পাঁচলাইশের একটি মাদ্রাসা থেকে চাকরিচ্যুত হয়েছিলেন।